গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
টেকনিক্যাল স্কুল ও কলেজ
লালমনিরহাট
ই-মেইল ঃ tsc.lalmoni@yahoo.com
ওয়েব সাইট ঃ www.lalmonirhattsc.gov.bd

স্মারক নং- টিএসসি(লাল)/নিলাম বিজ্ঞপ্তি/২০২২/.................... তারিখ ঃ ....

"বনজদ্রব্য বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লালমনিরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজের অভ্যন্তরে দক্ষিণ পার্শ্বে সীমানা প্রাচীর সংলগ্ন ছোট বড় ০৮ (আট) টি বনজগাছ নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী (নেসকো) লিমিটেড, লালমনিরহাট এর বৈদ্যুতিক সরবরাহ লাইনের জন্য অত্যান্ত ঝুকিপূর্ণ হওয়ায় ঝড়বৃষ্টি মৌসুমে গাছগুলি দ্বারা বৈদ্যুতিক লাইন ক্ষতিগ্রস্থ হয়ে পুরো জেলায় বিদ্যুৎ সরবরাহ দীর্ঘ সময় বন্ধ থাকার সম্ভাবনা রহিয়াছে। উক্ত গাছগুলি আগামী ৮ মার্চ ২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় প্রতিষ্ঠানে প্রকাশ্যে নিলামে বিক্রয় করা হবে। বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক প্রকৃত কাঠ ব্যবসায়ী/বাঁশ ব্যবসায়ী/বৈধ 'স' মিলের মালিক/বৈধ ফার্ণিচার মার্ট মালিক/উপকারভোগী গ্রুপ/ব্যবহারকারীদেরকে উক্ত তারিখে নির্ধারিত সময়ে উপস্থিত থেকে নিলামে অংশ গ্রহণ করার জন্য আহবান করা যাচ্ছে। নিলামের শর্তাবলী ও অন্যান্য জ্ঞাতব্য বিষয় অফিস চলাকালীন (সরকারি ছুটির দিন ব্যতীত) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে নোটিশ বোর্ড/ওয়েব সাইট হতে জানা যাবে। তবে অনিবার্য কারনবশত উক্ত কার্যক্রমের তারিখ পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা নিম্নস্বাক্ষরকারী সংরক্ষণ করেন।

শর্তাবলী ঃ

০১। প্রকৃত কাঠ ব্যবসায়ী/বাঁশ ব্যবসায়ী/বৈধ 'স' মিলের মালিক/বৈধ ফার্নিচার মার্ট মালিক/উপকারভোগী গ্রুপ/ব্যবহারকারী প্রকাশ্যে নিলামে অংশগ্রহণ করতে পারবেন।

০২। নিলামে অংশ গ্রহণের আবেদন দাখিলের পূর্বে অবশ্যই বনজদ্রব্য সমূহ সরেজমিনে দেখে নিবেন। নিলাম কার্যক্রমে অংশগ্রহণের পর তা প্রত্যাহার করা যাবে না। প্রত্যাহার করলে অথবা নিলাম গৃহিত হওয়ার পর সংশ্লিষ্ট লটের গাছ মরা, পঁচা, ঢোড় বা অন্য কোন ওজর আপত্তি উত্থাপন পূর্বক লটের মূল্য পরিশোধ পত্র গ্রহণ করতে অস্বীকৃতি জানালে জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে। এবং সরকারি কোষাগারে চালানের মাধ্যমে জমা করা হবে। কোন প্রকার আপত্তি গ্রহণ করা হবে না।

০৩। বনজদ্রব্যের লটের জামানত বাবদ নগদ ১৫,০০০/- (পনের হাজার) টাকা প্রতিষ্ঠানের হিসাব শাখায়/নিলাম কমিটির নিকট জমা দিয়ে নিলামে অংশগ্রহণ করতে হবে।

০৪। কার্যাদেশ দেয়ার পূর্বে গ্রহণযোগ্য দরদাতাকে লটের সমুদয় টাকা এককালীন পরিশোধ করতে হবে। কোন প্রকার আংশিক মূল্য গ্রহণ করা হবে না।

০৫। সফল দরদাতার জামানতের টাকা কোন অবস্থাতেই নিলামের ডাককৃত মূল্যের সহিত সমন্বয় করা হবে না।

০৬। গ্রহণযোগ্য দরদাতাকে নিলামে সর্বোচ্চ উদ্ধৃত মূল্যের অতিরিক্ত ৫% আয়কর ও ১৫% ভ্যাটসহ অথবা হাল-নাগাদ হারে আয়কর ও ভ্যাট কার্যাদেশের পূর্বে এককালীন পরিশোধ করতে হবে।

০৭। ক্রেতাকে গাছ কাটবার অনুমতি প্রদানের সাথে সাথে গাছ কাটা শুরু করে ১৫ (পনের) দিনের মধ্যে মার্কা দেয়া গাছ কাটা এবং অপসারনের কাজ সম্পন্ন করতে হবে।

০৮। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সাবেক ভোকেশনাল) এর অনুমতি ব্যতিরেকে লটক্রেতা তার পক্ষে কাজ পরিচালনার জন্য প্রতিনিধি নিযুক্ত করতে পারবেন না। লটক্রেতাকে তার প্রতিনিধি ও দিন মজুরদের পূর্ণ বিবরণ নিরাপত্তা কর্মকর্তার নিকট দাখিল করে লটের কাজ করার জন্য অনুমতি নিতে হবে। তার নিযুক্ত প্রতিনিধি অথবা দিন মজুরগণ যদি কোন বে-আইনী কাজ করেন তজ্জন্য লটক্রেতা সম্পূর্ণ ভাবে দায়ী থাকেন।

০৯। লট হতে কাঠ বাহির করে/সকল উৎসের বনজদ্রব্য গন্তব্য স্থানে নেয়ার জন্য নিলাম প্রাপ্ত ক্রেতাগণ কাঠের পরিমান উল্লেখ করে বনজদ্রব্য পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১১ অনুসারে স্থানীয় বনবিভাগ কর্তৃক চলাচল পাশ (টি.পি) গ্রহণ পূর্বক বনজদ্রব্য স্থানান্তর করতে হবে।

১০। লটক্রেতাকে যথেষ্ট সতর্কতার সাথে লটের গাছ কাটার কাজ সম্পন্ন করতে হবে। যদি অসতর্কতার দরুন মার্কাকৃত গাছ কাটার সময় চার পাশের কোন গাছ/ঘর-বাড়ি ক্ষতিগ্রস্ত/বিনষ্ট হয় তা হলে বিনষ্ট গাছের ও ঘর-বাড়ীর মূল্য বাজার দরের দেড়গুণ হারে ক্রেতার নিকট হতে আদয় করা হবে। গাছ কাটার সময় যানবাহন, বৈদ্যুতিক তার, মাটির উপরে ও নীচে টেলিফোনের তার ও সড়কের কোন ক্ষতি সাধিত হলে সংশ্লিষ্ট লট ক্রেতা দায়ী থাকবেন এবং ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবেন। অন্যথায় জামানতের টাকা হতে ক্ষতিপূরণের টাকা কর্তন পূর্বক আদায় করা হবে।

১১। লট হতে বনজদ্রব্য পরিবহন করার সময় অত্র প্রতিষ্ঠানের নিরাপত্তা কর্মকর্তার ক্লিয়ারেন্স সাপেক্ষে পরিবহনের কাজ সম্পন্ন করবেন। বনজদ্রব্যের বৈধতা পরীক্ষা করার জন্য নিরাপত্তা কর্মকর্তা/কর্মচারী পরিবহনকারী যানবাহন থামিয়ে চেক করতে পারবেন। এতে ক্রেতার কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১২। লটের গাছ কর্তনের পর গাছের লগ ও ডাল-পালা ফেলে প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না। গাছ কাটার সাথে সাথে বিধি মোতাবেক নিজ খরচে তা অপসারণ করতে হবে।

১৩। ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) (সংশোধন) আইন ২০১৩ অনুযায়ী ইট ভাটায় ইট পোড়ানো কাজে জ্বালানী হিসেবে কাঠ/জ্বালানী কাঠ ব্যবহার করতে পারবেন না। সুতরাং কাঠ/জ্বালানী কাঠ (বনজদ্রব্য) খরিদকারী ব্যক্তিগণ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে এ আইন ভঙ্গ করলে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। গাছ কাটা কার্যক্রম শুধুমাত্র সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত। রাত্রিকালীন সময়ে কোন প্রকার গাছ কর্তন বা বনজদ্রব্য লট হতে স্থানান্তর করা যাবে না।

১৫। নিলাম নোটিশ জারীর এবং লটের মূল্য পরিশোধ সংক্রান্ত পত্রে তা নিলাম আহবানকারী কর্মকর্তা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬। লটের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর যে সমস্ত গাছ বা বনজদ্রব্য কাটা বা পতিত অবস্থায় লটের ভিতর থাকবে তা সরকারি সম্পদ হিসেবে গণ্য হবে।

১৭। কৃতকার্য দরদাতা নির্দিষ্ট সময়ের মধ্যে লটের টাকা পরিশোধ করতে ব্যর্থ হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিম্নস্বাক্ষরকারী/কমিটি কর্তৃক পুনরায় নিলামের মাধ্যমে বিক্রয় করতে পাবেন। পুনঃ বিক্রয়ের পরিপ্রেক্ষিতে সরকারের আর্থিক ক্ষতি হলে ১ম বারের লট ক্রেতার জামানতের অর্থ হতে উক্ত ক্ষতির অর্থ কর্তন করা হবে। যদি ক্ষতির পরিমাণ জামানতের টাকার অধিক হয়, তবে বাদ-বাকী টাকা লট ক্রেতা অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সাবেক ভোকেশনাল) বরাবরে জমা দিতে বাধ্য থাকবেন। অন্যথায় লটক্রেতার নিকট "পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট" ১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মোকদ্দমা দায়ের করে আদায় করা হবে।

১৮। লটের কাজ সম্পন্ন হলে লটক্রেতা অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সাবেক ভোকেশনাল) এর বরাবরে কার্য সমাপ্তি প্রতিবেদন (Completion Report) দাখিল করবেন। নিরাপত্তা কর্মকর্তা লটক্রেতার নিকট হতে কার্য সমাপ্তি প্রতিবেদন পাওয়ার পর লটক্রেতা বা প্রতিনিধির উপস্থিতিতে লট সরেজমিনে পরিদর্শন করতঃ লটের বিক্রয় তালিকা বহির্ভূত ক্রমিক নম্বর বিহীন কোন গাছ বা মা গাছ কর্তন করা হয়েছে কি না, হয়ে থাকলে এরুপ গাছের বিবরণ, গাছ হতে প্রাপ্ত বনজদ্রব্যের আনুমানিক পরিমানসহ অন্যান্য বিরণ লিপিবদ্ধ করতঃ কার্য সমাপ্তি প্রতিবেদন সংশ্লিষ্ট নিরাপত্তা কর্মকর্তার মাধ্যমে অধ্যক্ষের নিকট দাখিল করতে হবে। কার্য সমাপ্তি রিপোর্ট দাখিল না করা পর্যন্ত জামানতের টাকার অবমুক্ত করা হবে না। লটের কাজ শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে কার্য সমাপ্তির প্রতিবেদন দাখিল করতে হবে।

১৯। কোন লটক্রেতা কোন অবস্থাতেই মার্কা বিহীন অথবা বিক্রয় তালিকা বহির্ভূত গাছ কর্তন করতে পারবে না। উক্ত শর্তাবলী ভঙ্গকারী লটক্রেতার নিকট হতে নিলাম আহবানকারী কর্মকর্তা কর্তিত গাছের বাজার মুল্যের ০৫ (পাঁচ) গুন অর্থ ক্ষতিপূরণ হিসেবে আদায় করতে পারবেন।

২০। নিলাম কার্যক্রমের দিন হতে লট এর বনজদ্রব্য রক্ষণা-বেক্ষণ ও বিক্রিত বনজদ্রব্য হেফাজতের পূর্ণ দায়-দায়িত্ব নির্ধারিত লটক্রেতার উপর ন্যস্ত থাকবে। যদি কোন দৈব্য-দূর্বিপাকে, ঝড়-তুফানে, বন্যায় বা আগুনে পুড়ে, চুরি হয়ে যায় ইত্যাদি সংক্রান্ত কারণে কোন লটের বনজদ্রব্যের কোন ক্ষতি হয় তার জন্য সরকারকে বা নিম্নস্বাক্ষরকারীকে দায়ী করা যাবে না।

২১। নিলাম নোটিশের শর্ত হিসাবে যা উল্লেখ থাকুকনা কেন গ্রহণযোগ্য দরদাতাকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রচলিত আইন-কানুন এবং পরবর্তীতে আরোপিত যে কোন কর/লেভী এর আওতাভূক্ত থাকবে।

২২। যদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান নিলাম কার্যক্রমের সময় অফিস প্রাঙ্গনে বিশৃঙ্খলা, গোলযোগ, উত্তেজনা, ত্রাস সৃষ্টির অপপ্রয়াস চালান বা ভয়-ভীতি প্রদর্শনের মাধ্যমে অন্যদেরকে কার্যক্রমে বাঁধা প্রদান করেন, তবে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা করা হবে। তাকে উক্ত কার্যক্রমে অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২৩। নিলাম কমিটি কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিলাম কার্যক্রম স্থগিত, পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। এ ব্যাপারে নিলাম কমিটি কাহারো নিকট কারণ দর্শাইতে বাধ্য নহেন।

২৪। নিলাম সম্পর্কে উদ্ভূত কোন সমস্যার বিষয়ে স্থানীয় কনডেমনেশন কমিটির সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

স্বাঃ
(প্রকৌঃ মোঃ জবায়দুর রহমান)
অধ্যক্ষ
টেকনিক্যাল স্কুল ও কলেজ
লালমনিরহাট।
ফোন ঃ ০২৫৮৯-৯৮৬০৪৮

স্মারক নং- টিএসসি(লাল)/নিলাম বিজ্ঞপ্তি/২০২২/.........৬৪০৭(২৮) তারিখ ঃ 22/02/2022 খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

০১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭।
০২। পরিচালক (ভোকেশনাল) কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭।
০৩। জেলা প্রশাসক ও সভাপতি, স্থানীয় কনডেমনেশন কমিটি, লালমনিরহাট।
০৪। পুলিশ সুপার, লালমনিরহাট।
০৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, লালমনিরহাট।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাট।
০৭। মেয়র, পৌরসভা, লালমনিরহাট।
০৮। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, রংপুর।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট।
১০। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, লালমনিরহাট।
১১। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, লালমনিরহাট।
১২। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, লালমনিরহাট।
১৩। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, লালমনিরহাট।
১৪। নির্বাহী প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী (নেসকো) লিমিটেড, লালমনিরহাট।
১৫। সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, লালমনিরহাট এবং নির্বাহীর প্রকৌশলীর মনোনীত প্রতিনিধি।
১৬। সহকারী বন সংরক্ষক, সামাজিক বনায়ন জোন, কুড়িগ্রাম।
১৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, লালমনিরহাট ও বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ রংপুর এর মনোনীত প্রতিনিধি।
১৮। প্রোগ্রামার আই,সিটি শাখা জেলা প্রশাসনের কার্যালয়, লালমনিরহাট, বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সিটি সেল, টিএসসি, লালমনিরহাট।
২০। সভাপতি/সাধারন সম্পাদক প্রেস ক্লাব, লালমনিরহাট।
২১। সভাপতি/সম্পাদক .... উপকারভোগী গ্রুপ ....।
২২। কাঠ ব্যবসায়ী/বাঁশ ব্যবসায়ী/বৈধ 'স' মিলের মালিক/বৈধ ফার্নিচার মার্ট মালিক/ উপকারভোগী গ্রুপ।
২৩। স্থানীয় সকল সরকারি/আধা-সরকারি দপ্তর, লালমনিরহাট।
২৪। বিভাগীয় প্রধান সকল, অত্র প্রতিষ্ঠান।
২৫। নিরাপত্তা কর্মকর্তা, অত্র প্রতিষ্ঠান।
২৬। হিসাব শাখা, অত্র প্রতিষ্ঠান।
২৭। নোটিশ বোর্ড, অত্র প্রতিষ্ঠান।
২৮। সংরক্ষণ নথি।

22/02/2022
(প্রকৌঃ মোঃ জবায়দুর রহমান)
অধ্যক্ষ
টেকনিক্যাল স্কুল ও কলেজ
লালমনিরহাট।
ফোন ঃ ০২৫৮৯-৯৮৬০৪৮